যুগান্তর

তারিখ: 21 JUN 2016
পৃষ্ঠা: ... কলাম: 2

### শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়

# চাঁদাবাজির খবর ফাঁস করায় সাংবাদিককে পেটাল ছাত্রলীগ

**যুগান্তর রিপোর্ট**

রাজধানীর শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ে (শেকৃবি) যুগান্তর প্রতিনিধি মাহসাব হোসাইন রনিকে বেধড়ক পিটিয়েছে শেকৃবি ছাত্রলীগের সাধারণ সম্পাদক দেবাশীষ দাশ ও তার অনুসারীরা। বিশ্ববিদ্যালয়ে চাঁদাবাজির খবর প্রকাশ করায় সোমবার দুপুরে রনিকে পেটায় তারা। এসময় তারা হুমকি দেয়, ভবিষ্যতে এমন খবর প্রকাশ করা হলে রনিসহ সংশ্লিষ্ট সাংবাদিককে গুম করে দেয়া হবে। বিশ্ববিদ্যালয়ের ২৩শ' শিক্ষার্থীর বৃত্তির টাকা তুলে নেয়ার জন্য স্বাক্ষর জাল করে সম্প্রতি আবেদন করে দেবাশীষ দাসের অনুসারীরা। এ নিয়ে সোমবার যুগান্তরে 'শেকৃবিতে ছাত্রলীগের স্মার্ট চাঁদাবাজি' শিরোনামে সংবাদ প্রকাশিত হয়। দৈনিক সমকাল ও বাংলানিউজসহ বেশ কয়েকটি গণমাধ্যমেও এ খবর আসে।

এ নিয়ে সোমবার বেলা ১টায় বিশ্ববিদ্যালয়ের দ্বিতীয় গেটে রনিকে ডেকে পাঠান দেবাশীষ দাস। সেখানে তিনি ও তার অনুসারী শেকৃবি শাখা ছাত্রলীগের সহসভাপতি শামীম আহমেদ, যুগ্ম সাধারণ সম্পাদক আনিসুর রহমান, মোল্লা আল মামুন, নবাব সিরাজ-উদ-দৌলা হল শাখার সাধারণ সম্পাদক গৌতম রায়সহ ৬ থেকে ৮ জন রনিকে বেধড়ক মারধর করে। মাথায় ও কানেও পেটানো হয় তার। খবর পেয়ে বিশ্ববিদ্যালয়ে কর্মরত অন্য সাংবাদিকরা রনিকে উদ্ধার করে শহীদ সোহরাওয়ার্দী হাসপাতালে নিয়ে যান। চিকিৎসা নিয়ে পরে রনি জীবনের নিরাপত্তা চেয়ে শেরেবাংলা নগর থানায় জিডি (নং.১৩৩৯) করেন। এতে তিনি লিখেন, এরপর তারা হুমকি দেয়, ভবিষ্যতে এ ধরনের নিউজ করলে হত্যার পর লাশ গুম করে দেয়া হবে। এ বিষয়ে ছাত্রলীগের সাধারণ সম্পাদক এসএম জাকির হোসাইন বলেন, আমরা ঘটনাটি সম্পর্কে জানতে পেরেছি। অবশ্যই আমরা অভিযুক্ত নেতার বিরুদ্ধে সাংগঠনিক ব্যবস্থা নেব। এ ব্যাপারে বিশ্ববিদ্যালয়ের প্রক্টর প্রফেসর ড. মিজানুর রহমান সাংবাদিকদের বলেন, ব্যাপারটি আমরা শুনেছি। লিখিত অভিযোগ পাওয়ার পর আমরা বিশ্ববিদ্যালয় প্রশাসনের পক্ষ থেকে ব্যবস্থা নেব।